

# ফাঁকা আসনে ভর্তি নেবে ইসলামী বিশ্ববিদ্যালয়, বিজ্ঞপ্তি প্রকাশ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) গুচ্ছের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের চূড়ান্ত ভর্তি শেষে বিভিন্ন বিভাগে ৫৮টি

আসন ফাঁকা রয়েছে। এসব ফাঁকা আসনের বিপরীতে অপেক্ষমাণ শিক্ষার্থীদের সাক্ষাত্কারের বিজ্ঞপ্তি  
প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

রবিবার (২৪ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হক স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য

জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গুচ্ছভুক্ত ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এ, বি, ও সি ইউনিটের শূন্য আসন পূরণে  
আগামী ২৫ ও ২৬ আগস্ট অফিস চলাকালীন সময়ে শিক্ষার্থীদের সাক্ষাত্কার অনুষ্ঠিত হবে।

‘এ’ ইউনিটের শিক্ষার্থীদের প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অফিসে, ‘বি’ ইউনিটের শিক্ষার্থীদের  
সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিসে এবং ‘সি’ ইউনিটের শিক্ষার্থীদের ব্যবসায় প্রশাসন অনুষদের  
ডিন অফিসে সাক্ষাত্কার নেওয়া হবে।

এতে আরো বলা হয়, সাক্ষাত্কারের সময় শিক্ষার্থীদের পরীক্ষার হলে পর্যবেক্ষক স্বাক্ষরিত এডমিট  
কার্ডের মূল কপি, এসএসসি ও এইচএসসির রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের মূল কপি এবং  
শিক্ষার্থীদের এনআইডি বা জন্ম নিবন্ধন সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।

সাক্ষাত্কারে উপস্থিত হওয়া শিক্ষার্থীদের প্রাপ্ত বিষয় আগামী ২৬ আগস্ট বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে  
প্রকাশ করা হবে। বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ২৭ আগস্ট অফিস চলাকালীন সময়ে চূড়ান্ত ভর্তি  
কার্যক্রম সম্পন্ন করতে হবে।

